গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nanl.gov.bd

স্মারক নং ৪৩.২৫.০০০০.০০৩.০৩১.১১.০০৩১.২৫-/৪৯৪

তারিখ: ১৪৩২
০২/০৬/২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত পদসমূহে অস্থায়ীভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে শুধু অনলাইনে (Online-এ https://nanl.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোনো মাধ্যমে প্রেরিত আবেদন সরাসরি বাতিল বলে বিবেচ্য হবে।

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | কম্পিউটার অপারেটর<br>১১০০০-২৬৫৯০/-<br>গ্রেড-১৩ | ৩২ বৎসর | ০৩টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। |
| ২। | জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (লাইব্রেরি)<br>১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | ৩২ বৎসর | ০১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা। |
| ৩। | ল্যাবরেটরী সহকারী<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ৩২ বৎসর | ০২টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা;<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৪। | লেমিনেশন মেশিন অপারেটর<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ৩২ বৎসর | ০১টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতাসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ৫। | পাঠকক্ষ সহকারী<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ৩২ বৎসর | ০১টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা। |
| ৬। | স্ট্যাকরুম সহকারী<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ৩২ বৎসর | ০২টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা। |
| ৭। | অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০/-<br>গ্রেড-২০ | ৩২ বৎসর | ০১টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

## শর্তাবলি:

**২। প্রার্থীকে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে :**

ক. নিয়োগ বিজ্ঞপ্তিটি www.nanl.gov.bd এবং https://nanl.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

খ. আবেদনকারীর বয়স ০১-০৩-২০২৬ তারিখে ১৮-৩২ বছর হলে আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

গ. মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রসহ সকল সনদপত্রের মূলকপি ও অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Applicant's কপির সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ঘ. সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি আবেদনের সাথে দিতে হবে।

ঙ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে/মাধ্যমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

চ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানের কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ছ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

জ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ঝ. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিযোগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ঞ. উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ নির্দেশনা/জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

ট. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোনো সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

ক. আগ্রহী প্রার্থীগণ https://nanl.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদন পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৫/০৩/২০২৬ খ্রি. সকাল ১০.০০টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৫/০৩/২০২৬ খ্রি. বিকাল ৫.০০টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online-এ আবেদনপত্রের পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy-তে যদি কোনো ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধনের সুযোগ থাকবে না। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's copy-তে প্রার্থীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর রয়েছে মর্মে নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং একটি User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে ১-৬ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ, অফেরতযোগ্য) ১২.০০ (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ৭ নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ, অফেরতযোগ্য) ৬.০০ (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে, সকল গ্রেড-এর অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রকাশিত সকল পদের জন্য পরীক্ষার ফি ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা। বিশেষভাবে উল্লেখ্য, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র Submit হবে না''।

**প্রথম SMS:** **NANL<space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: NANL ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, TK. 112/56 will be charges as application fee. Your PIN is 12345678.
To pay fee Type NANL<space>Yes<space>PIN and send to 16222

**দ্বিতীয় SMS:** **NANL<space>Yes<space>PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: NANL Yes 12345678 & send to 16222.
Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for NANL Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

চ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের website: www.nanl.gov.bd এর নোটিশ বোর্ডে এবং QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://nanl.teletalk.com.bd অথবা প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত user ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষা কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. কোনো কারণে প্রার্থী তার User ID ও Password হারিয়ে ফেললে শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে (User ID অথবা PIN নম্বর) ব্যবহার করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন;

(i) User ID জানা থাকলে :

**NANL<space>Help<space>User<space>User ID** & Send to 16222
Example: NANL Help User ABCDEF & Send to 16222

(ii) PIN Number জানা থাকলে :

**NANL<space>Help<space>PIN<space>PIN** Number & Send to 16222
Example: NANL Help PIN 12345678 & Send to 16222

ঝ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল-এ ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: NANL, Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঞ. **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইন-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হচ্ছে।

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

**(মোঃ আবু দাউদ)**
উপপরিচালক (প্রশাসন)
ও
সদস্যসচিব
বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটি

2/6/2025

মোঃ আবু দাউদ
উপপরিচালক (প্রশাসন)
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা।

**আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর**
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
**www.nanl.gov.bd**

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং ৪৩.২৫.০০০০.০০৩.০৩১.১১.০০৩১.২৫/৬৭৪ তারিখ : ০২-০৩-২০২৬ খ্রি.

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত পদে (১) কম্পিউটার অপারেটর-৩টি (২) জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (লাইব্রেরি)-১টি (৩) ল্যাবরেটরী সহকারী-২টি (৪) লেমিনেশন মেশিন অপারেটর-১টি (৫) পাঠকক্ষ সহকারী-১টি (৬) স্ট্যাকরুম সহকারী-২টি (৭) অফিস সহায়ক-১টি সহ মোট ১১ (এগারো)টি শূন্যপদে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের ওয়েবসাইট www.nanl.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট https://nanl.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান-এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd-এ সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটির বিস্তারিত তথ্য ও শর্তাবলী পাওয়া যাবে।

**আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের ওয়েবসাইটে প্রবেশ এর QR Code**

**আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code**

উপপরিচালক (প্রশাসন)
ও
সদস্যসচিব
বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটি
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

২/৩/২৬

মোঃ আবু দাউদ
উপপরিচালক (প্রশাসন)
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।